



## জামায়াতে যোগ দিয়েই পদ হারালেন মুক্তিযোদ্ধা সংসদ আহ্বায়ক



মুক্তিযোদ্ধা জসিম উদ্দিন। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীতে যোগ দেওয়ার একদিনের মাথায় চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক বীরমুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার জসিম উদ্দিনকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে।

সোমবার চাঁদপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদ ইউনিট কমান্ডের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্ত জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, স্বাধীনতাবিরোধী রাজনৈতিক দল হিসেবে পরিচিত জামায়াতে ইসলামীতে যোগ দেওয়ার কারণে মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র অনুযায়ী তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। এ বিষয়ে জরুরি সভায় সর্বসম্মতিক্রমে বহিষ্কারের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিষয়টি কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলকেও জানানো হয়েছে।

এর আগে শনিবার রাতে মতলব কমিউনিটি সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি আনুষ্ঠানিকভাবে জামায়াতে ইসলামীতে যোগ দেন। সেখানে সহযোগী সদস্য ফরম পূরণ করে দলের আদর্শের প্রতি সমর্থন জানান তিনি।

অনুষ্ঠানে জামায়াতে ইসলামীর কুমিল্লা দক্ষিণ জেলার সহকারী সেক্রেটারি ও চাঁদপুর-২ আসনের মনোনীত প্রার্থী ডা. আবদুল মুবিনসহ স্থানীয় নেতারা উপস্থিত ছিলেন।

যোগদানের পর জসিম উদ্দিন বলেন, আল্লাহর আইন ও কোরআন-সুন্নাহর ভিত্তিতে দেশ পরিচালনার প্রত্যাশা থেকেই তিনি দলে যোগ দিয়েছেন।